



## মো: ইসমাইল হোসেন এনডিসি

মো: ইসমাইল হোসেন এনডিসি গত ৮ জুন ২০২২ খ্রি. তারিখে খাদ্য মন্ত্রণালয়ে সচিব পদে যোগদান করেন। তিনি গত ২৮ (আটাশ) বছর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবালয় ও মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। খাদ্য মন্ত্রণালয়ে সচিব পদে যোগদানের পূর্বে তিনি বিভাগীয় কমিশনার, খুলনা, অতিরিক্ত সচিব পদে ভূমি মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগে কাজ করেছেন। যুগ্ম সচিব পদে স্বাস্থ্য সেবা বিভাগে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে কাজ করেছেন। এছাড়া তিনি ২০১২-২০১৫ খ্রিস্টাব্দ প্রায় ০৩ বছর তিনি জেলা প্রশাসক, চাঁদপুর হিসেবে কর্মরত ছিলেন। পূর্ববর্তী সময়ে অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে চট্টগ্রামে কাজ করেছেন (২০০৯-২০১২)। এছাড়া তিনি বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC) এর চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রে (RPATC) উপ-পরিচালক পদে ০৩ বছর (২০০৬-২০০৯) কাজ করেছেন। তিনি ২০১৭ খ্রিস্টাব্দে বাংলাদেশ ইকোনমিক জোনস্ অথরিটি (BEZS) এর সচিবের দায়িত্ব পালন করেছেন। জনাব মো: ইসমাইল হোসেন এনডিসি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দাগনভূঞা, ফেনী (২০০৩-২০০৬) এবং ফটিকছড়ি, চট্টগ্রামে (২০০৬-২০০৭) কাজ করেন। সহকারী কমিশনার (ভূমি) পদে টেকনাফ, কক্সবাজার এবং হাজীগঞ্জ, চাঁদপুর এ দায়িত্ব পালন করেন। তিনি ১১তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য হিসেবে গত ০১ এপ্রিল, ১৯৯৩ খ্রি. তারিখে কক্সবাজার জেলায় সহকারী কমিশনার পদে কর্মজীবন শুরু করেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ভূগোল বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে **Security & Development Studies** বিষয়ে **Bangladesh University of Professionals (BUP)** হতে এম.এস ডিগ্রি লাভ করেন। ২০১০ খ্রিস্টাব্দে **University of WelterHampton, UK** হতে **Change Management** বিষয়ে বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া তিনি **Disaster Management** বিষয়ে **AIT, Thailand** হতে এবং **Professional Management** বিষয়ে **Macquarie University, Australia** হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তিনি চীন সরকারের

অর্থায়নে দুর্যোগ ব্যবস্থাপনা কৌশল বিষয়ে চীনে বিশেষ প্রশিক্ষণ নিয়েছেন। জনাব মো: ইসমাইল হোসেন ২০১৮ খ্রিস্টাব্দে ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি) সম্পন্ন করেন।

তিনি বৈদেশিক প্রশিক্ষণ এবং সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে নেপাল, ভারত, চীন, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, ইংল্যান্ড, ভিয়েতনাম, মঙ্গোলিয়া, অস্ট্রেলিয়া, ব্রাজিলসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

মো: ইসমাইল হোসেন এনডিসি ঢাকা জেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই কন্যা ও এক পুত্র সন্তানের জনক।